গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd



নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২৯.২৪. ১৬৭৪-এ/৩ তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ / ১৩ আগষ্ট ২০২৬

## অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ রাইসুল ইসলাম মিঠু, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, পাথরঘাটা, বরগুনা এর বিরুদ্ধে অভিযোগ যথাক্রমে: (১) জালালাবাদ আয়রন ষ্টীল ও মেশিনারিজ মার্কেট দোকান মালিক সমবায় সমিতি লিঃ এর সদস্য-৫ জনাব আমিনা বিবি কর্তৃক দাখিলকৃত অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তে অডিও রেকর্ডমূলে প্রমাণিত হয় যে, তিনি ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা লেনদেন করেছেন; (২) জালালাবাদ আয়রন ষ্টীল ও মেশিনারিজ মার্কেট দোকান মালিক সমবায় সমিতি লিঃ এর নিবন্ধনের বিষয়ে দাখিলকৃত অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তে লিখিত বক্তব্যে প্রমাণিত হয় যে, তিনি ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা গ্রহণ করেছেন; সে পরিপ্রেক্ষিতে গত ১৫.১০.২০২৪ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাঁকে কারণ দর্শাতে বলা হয়; এবং

যেহেতু তিনি গত ২৭.১০.২০২৪ তারিখে অভিযোগনামার জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৬.০১.২০২৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানি এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(খ) মোতাবেক গত ০৬.০৩.২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়: এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা গত ২২.০২.২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে, তাঁর উপর গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ০৪.০৩.২০২৬ তারিখে তাঁকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং তিনি গত ১৫.০৩.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং বিগত ১০.০৮.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব পর্যালোচনায় মোঃ রাইসুল ইসলাম মিঠু এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায়, তার দোষ স্বীকার করায়, অভিযোগকারীকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরত প্রদান করায় ও অভিযোগকারী অভিযোগ প্রত্যাহার করে নেওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(১)(ক) বিধি অনুসরণে লঘুদন্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব মোঃ রাইসুল ইসলাম মিঠু, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, পাথরঘাটা, বরগুনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২৯.২৪.১৬৭৪/১(৮)-এ/৩ তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ / ১৩ আগষ্ট ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
২। ডিভিশনাল একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, রংপুর।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। জেলা সমবায় অফিসার, বরগুনা।
৫। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। উপজেলা সমবায় অফিসার, পাথরঘাটা, বরগুনা।
৭। জনাব মোঃ রাইসুল ইসলাম মিঠু, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, পাথরঘাটা, বরগুনা
৮। সংশ্লিষ্ট নথি।

১৩/০৮/২০২৫
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

F:\Nurual Islam\Allegation.doc